

বিজিএ/এডমিন/ ২০২৩ / ২৩৮

১১ অক্টোবর, ২০২৩

বিষয়: সম্মানিত সদস্যগণের যেকোনো ধরনের পরিবর্তিত তথ্য নিয়মিতভাবে

হালনাগাদকরণ প্রসঙ্গে

সকল সম্মানিত সদস্যদের জন্য


প্রিয় সহকর্মীবন্দ,

আসসালামু আলাইকুম।

আপনারা সকলে অবগত আছেন যে, বিজিএমইএ কর্তৃক Member's Directory-2024 প্রকাশ এর উদ্যোগকে সফল করার লক্ষ্যে সকল মেম্বারদের জ্ঞাতার্থে একটি Member's Directory Information Sheet-2023 প্রেরণ করা হয়। যার আলোকে প্রয়োজনীয় সবধরনের তথ্য হালনাগাদ করার প্রক্রিয়াকে সহজতর করার লক্ষ্যে সম্মানিত সকলের সহায়ক ভূমিকা প্রয়োজন। উক্ত Information Sheet এ উল্লেখিত সকল ধরনের তথ্য (পরিবর্তিত বা অপরিবর্তিত) প্রদানের মাধ্যমে Member's Directory-2024 প্রকাশের উদ্যোগকে সফল করবেন বলে বর্তমান পরিচালনা পর্ষদ আশাবাদী।

বর্তমান সংরক্ষিত তথ্য হালনাগাদ না থাকার কারণে বিভিন্ন পত্রাদি ও গুরুত্বপূর্ণ রিপোর্ট, নোটিশ আপনাদের কাছে পৌঁছানোর দুরূহ হয়ে পড়ছে। আবার অনেক ক্ষেত্রে মালিকানা পরিবর্তন হওয়ার পর নতুন পরিচালনা পর্ষদদ্বারা প্রতিষ্ঠানের কার্যক্রম চলমান রয়েছে যার হালনাগাদ তথ্য বিজিএমইএ তে সংরক্ষিত নাই। এছাড়াও কর্মী ছাটাই সহ, চাকরি পরিবর্তন, পূর্বে নির্বাচিত ফোকাল পয়েন্ট অর্থাৎ পূর্বে নির্ধারিত ব্যক্তি, যার মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের উদ্দেশ্যে যোগাযোগ রক্ষা করা হতো তার পরিবর্তন বা নতুন প্রাতিষ্ঠানিক ওয়েবসাইট, ইমেইল, মোবাইল বা ফোন নাম্বার পরিবর্তনের হালনাগাদ তথ্য রেকর্ডে না থাকার কারণে নানাবিধ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে যা সম্পর্কে সকলেই অবগত।

এমতাবস্থায় বিদ্যমান সম্মানিত সদস্যদের সাথে যোগাযোগ রক্ষার্থে সংশ্লিষ্ট যেকোনো প্রতিষ্ঠানের যেকোনো তথ্য পরিবর্তিত হওয়া মাত্র উক্ত প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে নিজস্ব উদ্যোগে সংশোধিত বা পরিবর্তিত তথ্য অনতিবিলম্বে উল্লেখিত ই-মেইলের (membership@bgmea.com.bd) মাধ্যমে হালনাগাদের জন্য অবগত করতে অনুরোধ করা হলো।




BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশে তৈরি •

বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদের এই উদ্যোগ বিজিএমইএ'র তথ্য ভান্ডারকে আরো তথ্যবহুল এবং সুসংহত করার লক্ষ্যে আপনার/আপনাদের একান্ত সহযোগিতা বিশেষভাবে কামনা করছি যাতে বিজিএমইএ'র তালিকাভুক্ত সকল সম্মানিত সদস্যদের সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ রক্ষা করা সম্ভব হয়।

ধন্যবান্তে,



ফারুক হাসান
সভাপতি



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •